# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods"
(Request for Quotation Method)

**আরএফকিউ নং-১৬/২০২৩-২০২৪**

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

কারারগাতী, গোপালগঞ্জ।

"গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর পোল নাম্বারিং করণের দরপত্র বিজ্ঞপ্তি ।"

---

**প্রশাসন বিভাগ**

**গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

**কারারগাতী, গোপালগঞ্জ।**

------------------------------------

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

শেখ হাসিনার উদ্যোগ

# গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

কারারগাতী, গোপালগঞ্জ।

টেলিফোন নং-০২৬৬৮৫৭১৪, ০২৬৬৮৫৫৭৮

Web: www.pbs.gopalganj.gov.bd, Email: gopalgonj_pbs@yahoo.com



ISO-9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২৩.৮৬২৯

তারিখঃ ৩০ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ।
১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ।

## "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) "পোল নাম্বারিং করণ" এর দরপত্র বিজ্ঞপ্তি"

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে পোল নাম্বারিং করণের লক্ষ্যে নিম্নবর্ণিত বিবরণ মোতাবেক প্রকৃত ঠিকাদারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | উপকেন্দ্র | ফিডার | পোল নাম্বারিং এর জন্য পোল সংখ্যা (টি) | পোল নাম্বারিং এর জন্য মোট পোল সংখ্যা (টি) | উদ্ধৃত মূল্য (টাকা) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | গোপালগঞ্জ গ্রীড | আরইবি-১ | ৫৫৫ | ৫০৩১ | | |
| ০২ | টুঙ্গিপাড়া-১ | ১৩ | ২৬১১ | | | |
| ০৩ | টুঙ্গিপাড়া-১ | ২ বি | ১৪৪৫ | | | |
| ০৪ | টুঙ্গিপাড়া-১ | ৫ই | ৪২০ | | | |
| | | | | মোট | | |

কথায়ঃ------------------------------------------------------------------------।

**শর্তাবলীঃ**

১. পোল নাম্বারিং করণে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

২. এতদ সংগে সংযুক্ত কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল পবিসের ওয়েব সাইট pbs.gopalganj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে গোপালগঞ্জ পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বান কারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।।

৫. সিলমোহরকৃত খাম আগামী ২১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ বৃহঃবার এবং সময়-১১:০০ ঘটিকায় কোটেশন ৩ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "পোল নাম্বারিং করণের জন্য কোটেশন এবং আগামী ২১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ বৃহঃবার এবং সময়-বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৬. ২১/০৯/২০২৩ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট pbs.gopalganj.gov.bd এ দেখা যাবে।

৭. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৮. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৩ এ বর্নিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

৯. **চর্তুদিকে লাল রং এর বর্ডার সম্বলিত আয়তাকার বক্সের ভিতর সাদা রঙ এর ব্যাকগ্রাউন্ডের উপর লাল রঙ এর অক্ষরে নাম্বারিং করতে হবে। রেড মার্কার (বার্জার/এশিয়ান/নেরোলাক/সমমান) এর রঙ হতে হবে এবং একই ব্র্যান্ডের থিনার হতে হবে।**

১০. **সাধারণ ক্ষেত্রে ৭ (সাত) ফুট উচ্চতায় তবে বন্যা প্রবণ এলাকায় ফ্লাড লেভেলের উপর পোল নাম্বারিং করতে হবে।**

১১. **পোল নাম্বারিং করার ক্ষেত্রে ব্যাকগ্রাউন্ডের প্রস্থের পরিমাণ, লেখার লাইনের সংখ্যার উপর নির্ধারণ করা অর্থাৎ ১ লাইন লেখার জন্য প্রস্থ ৭৬ মিঃ মিঃ, ২ লাইন লেখার জন্য প্রস্থ ১৪০ মিঃমিঃ এবং ৩ লাইন লেখার জন্য প্রস্থ ২০৫ মিঃমিঃ এবং অক্ষরের সাইজ ৪০ মিঃমিঃ হতে ৫০ মিঃমিঃ হতে হবে। এছাড়া লেখার দৈর্ঘ্য যাতে পোলের পরিধির চেয়ে বড় না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। লেখা অবশ্যই সুস্পষ্ট হতে হবে।**

১২. **অফিস হতে সরবরাহকৃত নাম্বার অনুযায়ী এবং এসইএন্ডডি পরিদপ্তর কর্তৃক জারিকৃত সর্বশেষ সার্কুলার মোতাবেক পোল নাম্বারিং করতে হবে।**

১৩. সন্তোষজনক ভাবে কাজ সমাপ্তির পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৪. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৫. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৬. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৭. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৮. **কার্যাদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।**

১৯. মালামাল/আইটেম এর পরিমাণ কম/বেশী হতে পারে এবং নমুনা দরপত্র দাখিল করার পূর্বে অত্র অফিস হতে দেখা যেতে পারে।

২০. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কর্মকর্তার স্বাক্ষর

নাম: ....................................

পদবি: ....................................

তারিখ: ....................................

ঠিকানা: .............................. ফোন নম্বর: ...........................

ই-মেইল: .....................

১৪/০৯/২৩

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (প্রযোজ্য ক্ষেত্রে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।

০৪। উপ-পরিচালক,সিপিটিইউ, ঢাকা (বিজ্ঞপ্তিটি সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহন করার অনুরোধ করা হলো।)

০৫। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৬। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড/ এলজিইডি/ সড়ক ও জনপথ, গোপালগঞ্জ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ................................ পবিস-১/২/৩/৪।
০৯। ডিজিএম, সদর-কারিগরী/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া জোনাল অফিস, গোপালগঞ্জ পবিস।
১০। এজিএম (ওএন্ডএম),টেকেরহাট/রামদিয়া সাব-জোনাল অফিস, গোপালগঞ্জ পবিস।
১১। এজিএম (অর্থ/প্রশাসন/ওএন্ডএম),গোপালগঞ্জ পবিস।
১২। এজিএম (আইটি), গোপালগঞ্জ পবিস। (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
১৩। মেসার্স .................................................................।
১৪। নোটিশ বোর্ড, গোপালগঞ্জ পবিস।

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার